কোটচাঁদপুরে আওয়ামী লীগ বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ

কোটচাঁদপুরে আওয়ামী লীগ বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছেন। সোমবার বিকেলে সভা করা হয়।
দলীয় সুত্রে জানা যায়,রাজশাহীতে প্রকাশ্য জন সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রাণ নাশের হুমকি দেন, রাজশাহী জেলা বিএনপির আহবায়ক আবু সাইদ চাঁদ।

এর প্রতিবাদে সারাদেশে বিক্ষোভ মিছিল ও সমাবেশের ডাক দেন বাংলাদেশ আওয়ামী লীগ। এর অংশ হিসেবে সোমবার বিকেলে কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ সহ সহযোগি সংগঠন গুলো এ কর্মসুচী পালন করেন।

এ উপলক্ষে ওইদিন বেলা ৩ টা থেকে নেতা-কর্মীরা জড়ো হতে থাকে দলীয় কার্যালয়ে। এরপর বের হয় বিক্ষোভ মিছিল। মিছিলটি পৌর শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিন করেন। পরে বাজার চত্বরে বিক্ষোভ সমাবেশ করেন দলটি। সমাবেশে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী।

এছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামিলীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম,পৌর স্বেচ্ছা-সেবক লীগের আহবায়ক ও কাউন্সিলর জাহিদ হোসেন।

কোটচাঁদপুরে ৭ দিন ব্যাপি ভূমিসেবা সপ্তাহের শুভ উদ্ভোধন

ভূমিসেবা সপ্তাহ -২০২৩ এর শুভ উদ্ভোধন ও জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে কোটচাঁদপুর উপজেলা সহকারি কমিশনার (ভুমি) কার্যালয় চত্বরে এ সভা করা হয়।

ভূমিসেবা সপ্তাহ উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সহকারি কমিশনার (ভুমি) নিরুপমা রায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) জগন্নাথ সাহা।

এ ছাড়া উপস্থিত ছিলেন, সাবদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়ার আবদুল জলিল বিশ্বাস, কুশনার শাহরুজামান সবুজ, এলাঙ্গীর মিজানুর রহমান, উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান, পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক চম্পা অধিকারী, সমবায় কর্মকর্তা মোছাঃজান্নাতারা হিরা, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, উপজেলা ভূমি অফিসের কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে হেলমেট বিহীন বাইক চালকের জরিমানা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট না থাকায় তিন জন মোটরসাইকেল চালকের জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বৃহস্পতিবার (১৮ মে) বিকালের দিকে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) তানভীর আহমেদ এই জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, উপজেলার ৫ নং কাপাশাটীয়া ইউনিয়নের শিতলী বাজার সংলগ্ন ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট বিহীন মোটরযান চালানোয় তিন অভিযুক্তকে সড়ক পরিবহন আইন,২০১৮ এর ৪৬ ও ৯২ ধারার আলোকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এবং অভিযুক্তদের তিনটি মামলায় সর্বমোট ১ হাজার ৫০০ শত”টাকা নগদ অর্থদণ্ড প্রদান করা হয়।

এ ব্যাপারে সহকারী কমিশনার (ভূমি) তানভীর আহমেদ বলেন,রাস্তায় শৃঙ্খলা ফেরাতে এবং সড়ক দূর্ঘটনার নিয়ন্ত্রণ করতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট বিহীন মোটরযান চালনা করায় তিন অভিযুক্তকে এক হাজার পাঁচশত টাকা জরিমানা করা হয়। এ ধরনের অভিযান আগামীতেও অব্যাহত থাকবে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কাজে থানা পুলিশ ও ভূমি কার্যালয়ের কর্মচারীরা সহযোগিতা করে।

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশিক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। আজ সোমবার দুপুরে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন। প্রশিক্ষনে সভাপতিত্ব করেন ওই বিদ্যালয়ের প্রধান শামসুদ্দিন আহম্মদ । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপপরিচালক (বিআরডিবি) আরিফুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা সমাজসেবা কর্মকর্তা জহুরুল ইসলাম।

এ ছাড়া উপস্থিত ছিলেন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা কোস সংগঠন মোস্তাফিজুর রহমান,ইউডিও বিআরডিবির আবু মনসুর,সহকারী পল্লী উন্নয়ন অফিসার (অঃ দাঃ); দায়িত্ব প্রাপ্ত মাঠ সংগঠক আল আমিন,সহকারী শিক্ষিকা মোছাঃ রোকসানা খাতুন এরপর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়।

ঝিনাইদহে ছিনতাইকারীর হাতে ইজি বাইক চালক নিহত

ঝিনাইদহ সদর উপজেলার চাপড়ী গ্রামে শাখাওয়াত হোসেন (৪৫) নামের এক ইজিবাইক চালককে ছুরিকাঘাত করে হত্যা করেছে দুর্বৃত্তরা।

সোমবার সকালে চাপড়ী গ্রামের বয়ারগাড়ী বিলের মাঠ থেকে তার লাশ উদ্ধার করা হয়। নিহত শাখাওয়াত হোসেন পার্শবর্তী শৈলকুপা উপজেলার দিঘলগ্রামের লুৎফর রহমানের ছেলে। সে পেশায় ইজিবাইক চালক ছিলেন।

স্থানীয়রা জানায়, সকালে বয়ারগাড়ী বিলের মাঠে শাখাওয়াতের লাশ পড়ে থাকতে দেখে পুলিশের খবর দেয় স্থানীয়রা। পরে পুলিশ এসে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়। সেসময় ঘটনাস্থল থেকে উদ্ধার করা হয় একটি মোটরসাইকেল।

তবে ছিনতাইকারীরা তাকে হত্যা করেছে দাবী করছে প্রত্যক্ষদর্শী ৩ যুবক। তারা হলেন-দিঘলগ্রামের শিহাব উদ্দিন, পিড়াগাথী গ্রামের জাহিদ হোসেন ও আব্দুর রহমান রুবেল।

প্রত্যক্ষদর্শী আব্দুর রহমান রুবেল বলেন, আমরা রাত ৩ টার দিকে চাপড়ী গ্রাম থেকে ৪ জন ইজিবাইকে দিঘলগ্রাম যাচ্ছিলো। পথে ঘটনাস্থলে পৌঁছালে দেখতে পাই রাস্তায় রশি টাঙানো রয়েছে। আমরা রশি দেখে ইজিবাইক থামিয়ে পেছাতে থাকি। সেসময় ৫/৬ জন লোক এসে আমাদের কাছ থেকে টাকা, মোবাইল কেড়ে নেয়। আমি ইজিবাইক পেছাতে গিয়ে মাঠের মধ্যে নামিয়ে দিই। আমার কাছ থেকে টাকা আর মোবাইল নিয়ে নিলে আমি দৌড়ে পালিয়ে যায়। পরে ডাকাডাকি করলে গ্রামের লোক এসে পড়ে। এসে দেখি শাখাওয়াত রক্তাক্ত অবস্থায় পড়ে আছে।

ছিনতাইকারীরা তাকে হত্যা করেছে বলে দাবি তাদের।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, আমরা ঘটনাস্থল থেকে একটি মোটর সাইকেল উদ্ধার করেছি। যার মালিককে খুজছি। এটি ছিনতাইকারীদের হাতে হত্যা নাকি ওই যুবকরা জড়িত তা নিয়ে তদন্ত চলছে।

ঝিনাইদহে বাওড় ইজারা পেতে হালদার সম্প্রদায়ের মানববন্ধন

ঝিনাইদহের কোটচাদপুরে সরকারী ৬ টি বাওড় মৎস্যজীবিদের অনুকুলে ইজারা দেওয়ার দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধনের আয়োজন করে বাওড় পাড়ের হালদার সম্প্রদায়ের মৎস্যজীবিরা।

এতে ব্যানার, ফেস্টুন, প্লাকার্ড নিয়ে বলুহর, জয়দিয়া,মর্জাদ, বেড়গোবিন্দপুর, ফতেপুর ও কাঠগড়া এ ৬টি বাওড় পাড়ের কয়েক’শ হালদার সম্প্রদায়ের নারী-পুরুষ অংশ নেয়।

এসময় বলুহর মৎস্যজীবি সমিতির দলপতি নির্মল হালদার, সুধীর হালদার,রঞ্জিত হালদার, সুশান্ত হালদার, সাধন হালদারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বক্তারা বলেন, বাওড়ে দীর্ঘ ৫৩ বছর মাছ ধরে হালদার সম্প্রদায়ের জেলেরা জীবন জীবিকা নির্বাহ আসলেও সম্প্রতি বাওড়গুলো অন্যত্র ইজারা দেওয়া হয়েছে। এতে কর্মহীন হয়ে পড়েছে তারা তাই বাওড়গুলো তাদের অনুকুলে ইজারা দেওয়ার দাবি জানান। বাওড় ইজারা না পেলে ১০ গ্রামের কয়েক হাজার মানুষ কর্মক্ষম হয়ে পড়বে। কারন তারা আদি পুরুষের এই পেশা ছাড়া অন্য কোন কাজ জানেন না। মানববন্ধন শেষে তাদের দাবি সম্বলিত একটি স্মারক লিপি জেলা প্রশাসকের কাছে প্রদান করা হয়।

ঝিনাইদহের কোটচাঁদপুরে মা দিবস পালিত

কোটচাঁদপুরে মা দিবস পালিত হয়েছে। আজ রবিবার বিকেলে স্থানীয় অফিসার্স ক্লাবে এ মা দিবস করা হয়।

মা দিবসে উপজেলা সহকারী কমিশনার (ভুমি) নিরুপমা রায়ের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি নুরুল ইসলাম খান (বাবলু),কোটচাঁদপুর থানার পুলিশ সদস্য (ওসি তদন্ত) জগন্নাথ চন্দ্র, কোটচাঁদপুর পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

এছাড়া উপস্থিত ছিলেন,উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান,পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক চম্পা অধিকারি।
অনুষ্ঠানে মায়ের অনুভূতি ব্যক্ত করেন,উপজেলা মহিলা আওয়ামী লীগ নেতা মেহেরুন নেসা।

সঞ্চালনায় ছিলেন,মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

ঝিনাইদহ সদর উপজেলা ও পৌর যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা ও পৌর যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার (১৩মে) সকাল সাড়ে ১১টার সময় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সম্মেলনের উদ্বোধন ঘোষণা করা হয়।

দিনব্যাপি এই সম্মেলনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা

মোকাবেলা করতে হবে, আপনারা নিজেদের মধ্যে লাঠালাঠি করবেন না। লাঠি রাখবেন, সামনে জামায়াত-বিএনপিকে মোকাবেলা করার জন্য’।

উল্লেখ যে, দীর্ঘ দুইযুগ পর ঝিনাইদহ সদর উপজেলা ও ঝিনাইদহ পৌর যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সর্বশেষ ১৯৯৮সালে এই সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। এই সম্মেলনকে ঘিরে ঝিনাইদহ আওয়ামী লীগ ও যুবলীগের মধ্যে প্রাণ-চঞ্চলতা ফিরে এসেছে। শহরজুড়ে মিছিল-মিটিং আর চায়ের আড্ডায় কারা নেতৃত্বে আসছে এই নিয়ে আলোচনা সমালোচনা দেখা গেছে। আওয়ামী যুবলীগের একাধিক গ্রæপ মিছিল সহকারে সম্মেলন স্থলে গিয়ে ক্ষমতা প্রদর্শন করার চেষ্টা করছে। এর আগে সদর উপজেলা এবং পৌর আওয়ামী যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক হতে ৭৯ জন যুবনেতা তাদের জীবন বৃত্তান্ত জমা দিয়েছিল।

কোটচাঁদপুর পল্লীতে ভ্রাম্যমান আদালতের অভিযান

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের হস্তক্ষেপে বন্ধ হয়েছে অবৈধভাবে মাটি কাটা ও জব্দ জালে দেয়া হয়েছে আগুন। শনিবার উপজেলার পৃথক দুইটি স্থানে এ অভিযান চালান প্রশাসন।

জানা যায়,শনিবার সকালে উপজেলার কাগমারি গ্রামের আজিজুল ইসলাম (আজা) ভেকু দিয়ে মাটি কাটছিল। এমন খবরে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে ঘটনাস্থলে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের পাঠান। পরে ওই মাটি কাটা বন্ধ করিয়ে ভেকু তুলেদেন।

অন্যদিকে, শনিবার সকালে উপজেলা সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায় কোটচাঁদপুরের কপোতাক্ষ নদের জগন্নাথপুর অংশে অভিযান চালান। এ সময় তিনি ১৪ টি চায়না নিশিদ্ধ দোয়াড়ি জব্দ করা হয়। পরে তা ওই নদের তীরেই আগুন দিয়ে ধ্বংস করা হয়।

জাল ধ্বংসের সময় উপস্থিত ছিলেন,উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার,কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) শাহ মোঃ আজিজ। এ ছাড়া সঙ্গীয় পুলিশ সদস্যরাও ওই অভিযানে ছিলেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে বলেন,বিষয়টি জেনেছি। খোজ খবর নিয়ে ব্যবস্থা নেয়া হবে। অন্যদিকে সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায়ের সঙ্গে কথা বলা সম্ভব হয়নি।

কোটচাঁদপুরে আম সংগ্রহ শুরু

ঝিনাইদহের কোটচাঁদপুরে আম সংগ্রহ শুরু করেছেন চাষিরা। দিনপঞ্জি অনুযায়ী বুধবার (১০-০৫-২৩) থেকে এ আম সংগ্রহ শুরু করেন তারা। আড়ৎতে আড়ৎতে শোভা পাচ্ছে,আটি,শরিফা,গোবিন্দভোগ,গোপাল ভোগ আর বোম্বাই আম। এ বছর ১২ হাজার ৬ শ মেট্রিক টন আম উৎপাদন হতে পারে বলে জানিয়েছেন কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, দেশের তিনটি বৃহত্তর আম বাজার। যার মধ্যে রয়েছে সাতক্ষীরা, রাজশাহী ও কোটচাঁদপুর। ইতোমধ্যে ওই দুইটি বাজারে উঠতে শুরু করেছে আম।

গতকাল বুধবার সকাল থেকে আম সংগ্রহ শুরু করেছেন কোটচাঁদপুরের চাষিরা। এ বছর কোটচাঁদপুরে ৭ শ হেক্টর জমিতে আম চাষ হয়েছে। এ উপজেলায় রয়েছে ১৭ শ টি বাগান। বাগানগুলো থেকে ১২ হাজার ৬ শ মেট্রিক টন আম উৎপাদন হতে পারে বলে জানিয়েছেন কৃষি কর্মকর্তা। এ দিকে বুধবার আম সংগ্রহের খবরে,গেল কয়েকদিন আড়ৎদারেরা ব্যবসা প্রতিষ্ঠান পরিস্কার পরিছন্নতায় ব্যস্ত সময় পার করছেন।

অন্যদিকে দিনপঞ্জি অনুযায়ী বুধবার সকাল থেকে আম সংগ্রহ শুরু করেছেন চাষিরা। এ দিন সকাল (১০-০৫-২৩) থেকে কোটচাঁদপুরে সংগ্রহ শুরু হয়েছে সব ধরনের আটি,শরিফা,গোপাল ভোগ,গোবিন্দ ভোগ,বোম্বাই আম।

এরপর দিনপঞ্জি অনুযায়ী একে একে সংগ্রহ করা হবে অন্যান্য আম। আগামী ১৮ মে থেকে সংগ্রহ করা হবে হিমসাগর, ২৮ মে লাংড়া আর হাড়িভাংঙ্গা,৫ জুন আম রুপালি, ১০ জুন কাটিমন,বানানা আর মল্লিকা, ২০ জুন ফজলি,২৫ জুন থেকে বিশ্বনাথ, আশ্বিনে ও বারি ৪ আম।

এ ব্যাপারে কোটচাঁদপুর আম বাজারের সভাপতি সঞ্চয় সাহা

বলেন,বাংলাদেশে তিনটি বড় আম বাজার রয়েছে। যার মধ্যে দ্বিতীয় বড় আম বাজার কোটচাঁদপুর। এবছর ১০ এপ্রিল থেকে আম সংগ্রহ কার্যক্রম শুরু করা হবে। ইতোমধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও কৃষি কর্মকর্তা বাগান পরিদর্শন করছেন।

চাষি ও আড়ৎদারদের সঙ্গে সভাও হয়েছে। সংশ্লিষ্ট প্রকাশ করেছেন আম সংগ্রহের দিনপঞ্জি। আর ওই মোতাবেক বুধবার থেকে শুরু হয়েছে কোটচাঁদপুর বাজারে আম উঠা।

তিনি বলেন,গাছের আম দেখে খুশি হলেও আমরা দাম নিয়ে চিন্তায় আছি। কারন হিসেবে তিনি বলেন, কোটচাঁদপুর আম বাজারে দ্বিতীয় পর্যায় আম উঠে। এ বছর তিনটি বাজারে আম এক সঙ্গে বাজারে উঠায় ব্যাপারি ভাগ হয়ে যাবে। এতে করে আমের দামও কমতে পারে বাজারে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান বলেন, গেল বছরের তুলনায় বাগানে আমের উৎপাদন ভাল হয়েছে। ইতোমধ্যে আমরা বাগান পরিদর্শন করেছি। সে মোতাবেক আম সংগ্রহের দিনপঞ্জি বানিয়ে আড়ৎদারদের দেয়া হয়েছে।

তিনি বলেন, এ উপজেলায় ১৭ শ টি বাগানে আমের চাষ হয়েছে। সব ঠিক থাকলে এ বছর ১২ হাজার ৬ শ মেট্রিক টন আম উৎপাদন হতে পারে।